**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ১১ জুন ২০১৫, ২৮ জ্যৈষ্ঠ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ভারতীয় ঋণ ব্যবহারে কোনো শর্ত নেই : প্রধানমন্ত্রী
২। চার দেশে যান চলাচল ভারতের মন্ত্রিসভায় অনুমোদন : চুক্তিসই ১৫ জুন
৩। বাণিজ্য মেলায় স্টল বরাদ্দে নারী উদ্যোক্তাদের বিশেষ ছাড় দেওয়া হবে : বাণিজ্যমন্ত্রী
৪। অনলাইনে একজনের আবেদন অন্যজন করলে ব্যবস্থা : শিক্ষামন্ত্রী
৫। পাঁচ মাসে ৪০ হাজার নারীকর্মী বিদেশে গেছেন : প্রবাসীকল্যাণ মন্ত্রী
৬। মে মাসের মূল্যস্ফীতি ৬ দশমিক ১৯ শতাংশ
৭। সমাজের সুবিধাবঞ্চিত ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে ঋণ দিতে কেন্দ্রীয় ব্যাংক গভর্নরের বিশেষ উদ্যোগ
৮। রমজানের চাহিদা নির্ধারণ, পিক আওয়ারে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ দেওয়ার প্রস্তুতি
৯। নতুন সেনাবাহিনী প্রধান হিসেবে নিয়োগ পেয়েছেন আবু বেলাল মোহাম্মদ শফিউল হক
১০। দেশের ২০ জেলায় নতুন জেলা প্রশাসক, সচিব হলেন ৪ জন
১১। দেশে সাড়ে ৩ শতাংশ শিশু স্কুলের বাইরে

চলমান পাতা/২

১। ভারতীয় ঋণ ব্যবহারে কোনো শর্ত নেই : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সাম্প্রতিক সফরের সময় ২ বিলিয়ন ডলারের যে ঋণ চুক্তি হয়েছে তাতে কোনো শর্ত নেই। গতকাল ১০ জুন বুধবার জাতীয় সংসদে প্রধানমন্ত্রী তাঁর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে এক সম্পূরক প্রশ্নের জবাব দিতে গিয়ে বলেন, আমরা আমাদের মতো করে এই টাকা খরচ করতে পারবো। আমরা যেভাবে চাই, যে প্রকল্পে চাই-সেভাবেই খরচ করতে পারবো। কোন খাতে, কোন প্রকল্পে এই টাকা ব্যয় করা হবে, এনিয়ে আমরা আলোচনাও শুরু করেছি। আমরা কখনো শর্ত দিয়ে কিছু নিই না। এটি স্বাধীন দেশ। স্বাধীনভাবে কাজ করার সিদ্ধান্ত নিয়েই আমরা এই অর্থ নিচ্ছি। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), প্রথম আলো (শেষ পৃ.,ক.৩), ডেইলি স্টার (পৃ.১,ক.৮), নিউজ টুডে (পৃ.১,ক.২)। ইন্ডিপেনডেন্ট, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। চার দেশে যান চলাচল ভারতের মন্ত্রিসভায় অনুমোদন : চুক্তিসই ১৫ জুন

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সভাপতিত্বে অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রিসভা গতকাল ১০ জুন বুধবার বাংলাদেশ-ভুটান-ভারত-নেপাল (বিবিআইএন) মোটরযান চলাচল চুক্তি অনুমোদন করেছে। আগামী ১৫ জুন ভুটানের রাজধানী থিম্পুতে চার দেশের পরিবহণ মন্ত্রীদের বৈঠকে এই চুক্তি স্বাক্ষরিত হবে। চুক্তি সই হওয়ার পর চার দেশের মধ্যে ব্যক্তিগত গাড়ি, বাস ও পণ্যবাহী ট্রাক এই দেশগুলোর মধ্যে চলাচল করতে পারবে। সূত্র-সমকাল (পৃ.২,ক.৩), প্রথম আলো (পৃ.৩,ক.৪), ইত্তেফাক (পৃ.১৯,ক.১), ডেইলি স্টার (পৃ.২,ক.১)।

৩। বাণিজ্য মেলায় স্টল বরাদ্দে নারী উদ্যোক্তাদের বিশেষ ছাড় দেওয়া হবে : বাণিজ্যমন্ত্রী

ব্যবসা বাণিজ্যের পাশাপাশি সবক্ষেত্রেই নারীদের আরও নেতৃত্বে এগিয়ে যেতে হবে উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বাজেটে নারীদের জন্য থোক বরাদ্দ দেওয়া হয়েছে। তাদের জন্য ব্যাংক ঋণে বিশেষ সুবিধা দেওয়া হচ্ছে। আগামীতে বাংলাদেশ বিশ্বের ১১টি উদীয়মান অর্থনৈতিক শক্তিশালী দেশের মধ্যে চলে আসবে। এ জন্য নারীদের কার্যকর ভূমিকা রাখতে হবে। গতকাল ১০ জুন বুধবার রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই) ও গ্রামীণ ফোনের যৌথ উদ্যোগে নারীর অগ্রগতি সম্মাননা পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), প্রথম আলো (পৃ.১২,ক.৪), সংবাদ (শেষ পৃ.,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.৩), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.১)।

৪। অনলাইনে একজনের আবেদন অন্যজন করলে ব্যবস্থা : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, এবার প্রথম অনলাইনে ভর্তি আবেদন শুরুর পর কোনো কোনো লোক মেধাবীদের নামে আবেদন করছে। প্রযুক্তির অপব্যবহারে এমনটা হচ্ছে। তবে কোনো শিক্ষার্থী এ বিষয়ে অভিযোগ করলে ব্যবস্থা নেওয়া হবে। এ বিষয়ে মন্ত্রণালয় কঠোর পদক্ষেপ নিয়েছে। তিনি বলেন, জোর করে কোনো প্রতিষ্ঠান শিক্ষার্থীকে আবেদনে 'বাধ্য' করলে সে প্রতিষ্ঠানের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। গতকাল ১০ জুন বুধবার জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) অডিটরিয়ামে 'পেয়ার ইন্সপেকশন' বিষয়ক দিনব্যাপী এক জাতীয় কর্মশালা শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.৮), নিউজ টুডে (পৃ.৩,ক.৪), ডেইলি সান (পৃ.৩,ক.৭)।

৫। পাঁচ মাসে ৪০ হাজার নারীকর্মী বিদেশে গেছেন : প্রবাসীকল্যাণ মন্ত্রী

চলতি বছরের প্রথম পাঁচ মাসে ৪০ হাজার ৩৮৭ নারীকর্মীর বিদেশে কর্মসংস্থান হয়েছে বলে সংসদকে জানিয়েছেন প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। গতকাল ১০ জুন বুধবার সংসদে মন্ত্রীদের জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে তিনি এ কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.১৭,ক.৫), প্রথম আলো (পৃ.৩,ক.৫), যায়যায়দিন (শেষ পৃ.,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫), নিউজ টুডে (পৃ.১,ক.৫)।

৬। মে মাসের মূল্যস্ফীতি ৬ দশমিক ১৯ শতাংশ

মে মাসে সার্বিক মূল্যস্ফীতি কিছুটা কমেছে। এ সময় মূল্যস্ফীতি দশমিক দুই শতাংশ হারে কমে দাঁড়িয়েছে ৬ দশমিক ১৯ শতাংশে। যা আগের মাসে ছিল ৬ দশমিক ৩২ শতাংশ। আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম কমে আসায় মূলত মূল্যস্ফীতি কিছুটা কমেছে বলে জানিয়েছে পরিকল্পনা মন্ত্রণালয়। গতকাল ১০ জুন বুধবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে মিট দ্য প্রেস অনুষ্ঠানে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এসব তথ্য প্রকাশ করেন। সূত্র-সংবাদ (পৃ.১৪,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৫), প্রথম আলো (পৃ.১৩,ক.২), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৬), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৫)।

৭। সমাজের সুবিধাবঞ্চিত ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে ঋণ দিতে কেন্দ্রীয় ব্যাংক গভর্নরের বিশেষ উদ্যোগ

সমাজের সুবিধা বঞ্চিত ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে আর্থিক সেবার অন্তর্ভুক্তিতে কাজ করে যাচ্ছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। তারই অংশ হিসেবে বিভিন্ন শ্রেণি, পেশা ও সুবিধা বঞ্চিতদের আর্থিক সেবায় অন্তর্ভুক্ত করা হচ্ছে। এরই অংশ হিসেবে হিজড়া, প্রতিবন্ধী, সমাজের সুবিধাবঞ্চিত এবং রাখাইনসহ

সকল উপজাতীয় নারী উদ্যোক্তাদের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে এসএমই (ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা) ঋণ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। আর্থিক সেবার সুফল প্রান্তিক পর্যায়ের উদ্যোক্তাদের মাঝে পৌঁছাতে এ উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। গতকাল ১০ জুন বুধবার বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রাম বিভাগ থেকে এ বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), যুগান্তর (পৃ.২,ক.২), সংবাদ (পৃ.১৪,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.৮)।

৮। রমজানের চাহিদা নির্ধারণ, পিক আওয়ারে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ দেওয়ার প্রস্তুতি

আসন্ন রমজানে দেশে পিক আওয়ারে আট হাজার ৫০০ মেগাওয়াটের বিদ্যুৎ চাহিদা নির্ধারণ করা হয়েছে। বিদ্যুৎ কেন্দ্র প্রস্তুত থাকলেও বিতরণ ত্রুটির কারণে বিদ্যুৎ বিভ্রাটের শিকার হতে পারেন গ্রাহক। তবে সেহরি, ইফতার এবং তারাবির নামাজের সময় রোজাদারদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেওয়ার প্রস্তুতি নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২)।

৯। নতুন সেনাবাহিনী প্রধান হিসেবে নিয়োগ পেয়েছেন আবু বেলাল মোহাম্মদ শফিউল হক

সেনাবাহিনীর নতুন প্রধান হিসেবে নিয়োগ পেয়েছেন লেফটেন্যান্ট জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক। তিনি আগামী ২৫ জুন থেকে দায়িত্ব পালন করবেন। বর্তমান সেনাবাহিনী প্রধান জেনারেল ইকবাল করিম ভুঁইয়া ২৫ জুন অবসরে যাবেন। ঐ দিনই সেনাবাহিনী প্রধান হিসেবে দায়িত্ব নেবেন আবু বেলাল মোহাম্মদ শফিউল হক। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), সংবাদ (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.১)।

১০। দেশের ২০ জেলায় নতুন জেলা প্রশাসক, সচিব হলেন ৪ জন

প্রশাসনে রদবদলে নতুন জেলা প্রশাসক (ডিসি) পেয়েছে ২০টি জেলা। এছাড়া চারজন ভারপ্রাপ্ত সচিব ও ভারপ্রাপ্ত সচিব পদমর্যাদার কর্মকর্তাকে সচিব হিসেবে পদোন্নতি দিয়ে গতকাল ১০ জুন বুধবার আলাদা আদেশ জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.৬), সংবাদ (পৃ.১,ক.৬), ইত্তেফাক (পৃ.২,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৮), নিউ নেশন (পৃ.১,ক.৪)।

১১। দেশে সাড়ে ৩ শতাংশ শিশু স্কুলের বাইরে

দেশের ৩ থেকে সাড়ে ৩ শতাংশ শিশু স্কুলের বাইরে রয়েছে। এদের বিপুল অংশ ঝুঁকিপূর্ণ শ্রমের সঙ্গে জড়িত। গতকাল ১০ জুন বুধবার রাজধানীর শাহবাগে জাতীয় গ্রন্থাগারের শওকত ওসমান মিলনায়তনে শিশুশ্রম প্রতিরোধ দিবস ২০১৫ উপলক্ষে আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.১৭, ক.৬), সংবাদ (পৃ.১,ক.৬)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : ভারতের দুটি কোম্পানির সাথে বিদ্যুৎ উৎপাদনের জন্য যে আনুষ্ঠানিক সমঝোতা হয়েছে তাতে উৎপাদিত বিদ্যুতের দাম যাতে বর্তমান বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হয় সেদিকে দৃষ্টি দেওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক, ইনকিলাব : এসএসসি উত্তীর্ণদের অনলাইনে কলেজে ভর্তি হওয়ার ক্ষেত্রে কিছু কলেজে জালিয়াতির বিষয়টি তদন্ত সাপেক্ষে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

গ. সংবাদ : প্রস্তাবিত অষ্টম বেতন কাঠামো নিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অসন্তোষের কথা উল্লেখ করে শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের দাবিসমূহ বিবেচনার সুপারিশ;

ঘ. জনকণ্ঠ : বরেন্দ্র অঞ্চলে গত এক দশকে ভূগর্ভস্থ পানির স্তর প্রায় ৭০ ফুট নিচে নেমে যাওয়ায় তা প্রচণ্ড খরাপ্রবণ এলাকায় পরিণত হয়েছে উল্লেখ করে এসব এলাকায় নিরাপদ পানির এ সংকট দূর করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার পাশাপাশি জনসচেতনতা দরকার বলে মত প্রকাশ;

ঙ. সমকাল : মিয়ানমার, থাইল্যান্ড, মালয়েশিয়া ও ইন্দোনেশিয়া উপকূল অঞ্চলে ভাসমান অবস্থায় উদ্ধার হওয়া বাংলাদেশি নাগরিকদের মধ্যে রোহিঙ্গা নাগরিক থাকতে পারার আশঙ্কায় সতর্কতার সঙ্গে শনাক্ত করে তাদের অবিলম্বে দেশে ফিরিয়ে আনার আহ্বান;

চ. ডেইলি স্টার : বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি বাস্তবায়নে ধীরগতির প্রসঙ্গ তুলে ধরে উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে এডিপি বাস্তবায়নে সক্ষমতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ;

ছ. ইন্ডিপেনডেন্ট : ঢাকা শহরের রাস্তার পাশের পানির কলের নিয়ন্ত্রণ বাল্ব নষ্ট হওয়ায় হাজার হাজার গ্যালন পানির অপচয়ের উল্লেখ করে ২০২০ সালের মধ্যে ওয়াসার নতুন পানি বিশুদ্ধকরণ প্ল্যান্ট পুরোপুরি চালুর সুপারিশ;

জ. ডেইলি সান, সমকাল, যুগান্তর : আসন্ন রমজানে জাল টাকার বিস্তার প্রতিরোধে সংঘবদ্ধ চক্র নির্মূল করতে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার আহ্বান;

ঝ. নিউজ টুডে : ঢাকা ও অন্যান্য শহরের নদীগুলোর শুকিয়ে যাওয়া প্রতিরোধে বৃষ্টির পানি সংরক্ষণ করে নদীতে প্রবাহের ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঞ. নিউ এজ : বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিকেল কলেজ ও বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজের ওপর প্রস্তাবিত ১০ শতাংশ মূল্য সংযোজন কর ভ্যাট আরোপের প্রস্তাব যেন ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকদের ওপর চাপানো না হয় তা মনিটরিং করার ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে রাজনৈতিক চাপে সন্ত্রাস সহিংসতা বন্ধ করাটা দুর্নীতি প্রতিরোধের মতো কঠিন হয়ে পড়েছে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত ‘ওষুধ শিল্পে কমিশন ভেজাল বাণিজ্য’ শিরোনামের নিবন্ধে আকরাম খান ওষুধ নীতির সংস্কার করে অবিলম্বে ওষুধ প্রশাসনকে যথাযথভাবে সক্রিয় করা না হলে জীবন রক্ষাকারীসহ সব ধরনের ওষুধ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা